

যাত্রীদের ভ্রমণে বাধা দেয়ায় লুফথানসাকে জরিমানা

- A Monitor Desk Report

Date: 17 October, 2024



বার্লিন: শতাধিক ইহুদি যাত্রীকে ভ্রমণে বাধা দেয়ায় জার্মানির এয়ারলাইনস কোম্পানি লুফথানসাকে রেকর্ড ৪০ লাখ ডলার জরিমানা করেছে মার্কিন পরিবহন বিভাগ (ডিওটি)।

জরিমানা মেনে নিলেও কোম্পানিটি জানিয়েছে, যাত্রীদের সঙ্গে বৈষম্যমূলক আচরণ করা হয়নি। তারা ফেস মাস্কসংক্রান্ত বিধি মানতে অস্বীকার করায় ভ্রমণে বাধা দেয়া হয়।

ডিওটি বলছে, ওই যাত্রীরা দলগতভাবে ভ্রমণ করছিলেন না। কিন্তু লুফথানসার 'বৈষম্যমূলক আচরণে' মনে হয়েছে, 'তারা সবাই যেন একক দলের সদস্য'। ২০২২ সালের মে মাসে বুদাপেস্ট থেকে ফ্রাঙ্কফুর্ট হয়ে নিউইয়র্কগামী ফ্লাইটে এ ঘটনা ঘটে।

-B